রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
**www.cabinet.gov.bd**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৫৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি)**' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | : সভাপতি |
| ২. | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | : সদস্য |
| ৩. | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : সদস্য |
| ৪. | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : সদস্য |
| ৫. | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : সদস্য |
| ৬. | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | : সদস্য |
| ৭. | মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : সদস্য |
| ৮. | মন্ত্রী/প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : সদস্য |
| ৯. | মন্ত্রিপরিষদ সচিব | : সদস্য |
| ১০. | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | : সদস্য |
| ১১. | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : সদস্য |
| ১২. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১৩. | সচিব, খাদ্য মন্ত্রণালয় | : সদস্য |
| ১৪. | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : সদস্য |
| ১৫. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : সদস্য |
| ১৬. | সচিব, অর্থ বিভাগ | : সদস্য |
| ১৭. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : সদস্য |
| ১৮. | সচিব, কৃষি মন্ত্রণালয় | : সদস্য |
| ১৯. | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয় | : সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি :

(১) কমিটি সার্বিক খাদ্য পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখবে;

(২) কমিটি খাদ্যশস্য উৎপাদনের পরিসংখ্যান, খাদ্যশস্যের চাহিদা নিরূপণ, খাদ্যশস্যের মজুদ, সামগ্রিক খাদ্য ব্যবস্থাপনা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং খাদ্য সম্পর্কিত অন্যান্য বিষয় পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সরকারকে পরামর্শ প্রদান করবে; এবং

(৩) পুষ্টিসম্মত ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা বিধানকল্পে বাস্তব পরিস্থিতি পর্যালোচনা করে সরকারকে প্রয়োজনমত পরামর্শ প্রদান করবে।

(গ) খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd